



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০২২/১২১৮

তারিখ : ০৯.০৫.২০২২খ্রি.

বিষয় : পাঠদান অনুমতি মেয়াদ বৃদ্ধি।

সূত্র : কলেজের আবেদন তারিখ : ০৬.০১.২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে জানাচ্ছি যে, মনপুরা সরকারি কলেজ, ডাক:মনপুরা, উপজেলা:মনপুরা, জেলা:ভোলা, উচ্চমাধ্যমিক পর্যায়ে একটি বিষয় ০১.০৭.২০২১ থেকে ৩০.০৬.২০২২ পর্যন্ত পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি করা হলো।

পাঠদান অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় নবায়ন করা না হলে উক্ত আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

বিষয় : ফিন্যান্স ব্যাংকিং ও বিমা।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে।
- ০৩। কলেজের ভবন আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে।
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক এর সংখ্যা বাড়াতে হবে।
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ০৭। শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে।
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে।

 ০৯. ০৫. ২০২২

ড. মো: লিয়াকত হোসেন ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
ফোন : ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ

মনপুরা সরকারি কলেজ
ডাক:মনপুরা, উপজেলা:মনপুরা
জেলা: ভোলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ৫। সংরক্ষণ নথি।